নেত্রকোনায় নারী উদ্যোক্তা মেলা উদ্বোধন

নেত্রকোনা তৃণমূল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়ন নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্পের আয়োজনে এবং জাতীয় মহিলা সংস্থার উদ্যোগে নারী উদ্যোক্তাদের মেলা ২০২৫ রবিবার নেত্রকোনা পুরাতন কালেক্টর মাঠে ৫ দিনব্যাপী মেলা উদ্বোধন করেন জেলা প্রশাসক বনানী বিশ্বাস। এ সময় উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার আসমা বিনতে রফিক, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব )সুখময় সরকার, প্রেসক্লাব সদস্য সচিব ম কিবরিয়া চৌধুরী হেলিম, জেলা বিএনপির যুগ্ন আহবায়ক এস এম মনিরুজ্জামান, কবি তানভীর জাহান চৌধুরী, প্রশিক্ষণ কর্মকর্তা হেদায়েতুল্লাহ রুমিন, সাবেক প্রশিক্ষণ কর্মকর্তা মোহাম্মদ আহসান হাবীব, জেলা মহিলা সংস্থা কর্মকর্তা মোঃ গোলাম কিবরিয়া প্রমুখ।